গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম অধিদপ্তর

উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | এ.কে.এম.মিজানুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ৩০/০৫/২০১৯ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | শ্রম অধিদপ্তরের সভা কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি শুরুতে উপস্থিত সকল-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ কর্তৃক প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি সভাপতির নিকট উপস্থাপন করা হয়। উপস্থাপিত কার্যপত্রের উপর পিআইসি কমিটির সভাপতি ও সদস্যগণ কর্তৃক প্রকল্পের অগ্রগতি ও কর্মপরিকল্পনার উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত ও সুপারিশ |
|---|---|---|---|
| ১ | ভবনের নির্মাণ কাজ সংক্রান্ত | প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ কাজের ৫৫% শেষ হয়েছে। প্রকল্প মেয়াদ শেষ হবে ৩০ জুন ২০২০, অর্থ্যাৎ সময় আছে প্রায় ১২ মাস। সেক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করার বিষয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান সেনাকল্যাণ সংস্থা'কে জোর তাগাদা দেওয়া হয়। | • সেনাকল্যাণ সংস্থা অবিলম্বে প্রকল্পসাইটে প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করবে এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি নিশ্চিত করবে। |
| ২ | আর্থিক অগ্রগতি | চলতি অর্থ বছরের (২০১৮-১৯) বাজেটে এই প্রকল্পের জন্য বরাদ্দকৃত ১৭৬০.০০ লক্ষ টাকার মধ্যে ভবন নির্মাণবাবদ ১৬৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ইতোমধ্যে সেনা কল্যাণের প্রাপ্ত বিলের অনুকূলে ১৬৬৭.০০ লক্ষ টাকা পরিশোধের ব্যবস্থা নেয়া হয়। | • ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয়নির্বাহ নিশ্চিত করবে এবং ২০১৯-২০ অর্থবছরের জন্য কর্মপরিকল্পনা ও কোয়ার্টার অনুযায়ী অর্থ বরাদ্দের চাহিদা ১৫ জুন ২০১৯ এর মধ্যে শ্রম অধিদপ্তর বরাবর প্রেরণ করবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কাজ সমাপ্তকরনের লক্ষ্যে টাইম বাউন্ড এ্যাকশন প্লান বাস্তবায়ন | আলোচনায় প্রকল্পের নির্মাণ কাজের বর্তমান অবস্থা পর্যালোচনা করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার নিমিত্ত প্রনীত কর্মপরিকল্পনা হালনাগাদ করে পুনরায় প্রণয়ন করার প্রয়োজনীয়তা অনুভব করা হয়। | • প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা ৩০ জুন ২০১৯ এর মধ্যে কর্মপরিকল্পনা হালনাগাদ করে শ্রম অধিদপ্তরে প্রেরণ করবে। |
| ৪ | ইন্সপেকশন বাংলো নির্মাণ কাজ প্রসঙ্গে | প্রকল্পের ডিজাইনে অন্তর্ভুক্ত ইন্সপেকশন বাংলো নির্মানের ক্ষেত্রে প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থার মতামত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, নির্ধারিত জায়গায় পরিদর্শন বাংলোটি নির্মাণ করা অতন্ত্য ঝুকিপূর্ণ ও এতে সরকারের অপচয় হতে পারে। প্রকল্প সাইটে অন্য কোন খালী জায়গা নেই যে অন্যত্রও তা নির্মাণের ব্যবস্থা করা যাচ্ছে না। এমতাবস্থায় প্রকল্প সাইটে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে একমত পোষণ করা হয়। | • প্রকল্প সাইটে ইন্সপেকশন বাংলো নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত পরবর্তি পিএসসি (PSC) সভায় অনুমোদন করিয়ে নেওয়ার সুপারিশ করা হয়। |
| ৫ | প্রকল্পের আসবাবপত্র ক্রয়ে এর তালিকা প্রত্যাশী সংস্থায় উপস্থাপন | সভায় ডিপিপি'মতে প্রকল্প পরিচালকের অফিসের আসবাবপত্র ও সরঞ্জাম অদ্যবদি কেন সরবরাহ করা হয়নি সেনা কল্যাণ সংস্থা প্রতিনিধির নিকট জান্তে চাওয়া হয়। প্রকল্পের ডিপিপি'র প্রকিউরমেন্ট প্ল্যানমতে আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয়ের পূর্বে সংখ্যা ও নমুনা শ্রম অধিদপ্তর কর্তৃক অনুমোদন করিয়ে নেওয়ার বিষয়ে একমত পোষণ করা হয়। | • প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা ২৫ জুন ২০১৯ এর মধ্যে প্রকল্প পরিচালকের অফিসের আসবাবপত্র ও অফিস সরঞ্জাম সরবরাহ করবে।<br>• স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের আসবাবপত্র ও সরঞ্জামের সংখ্যা ও নমুনা শ্রম অধিদপ্তর কর্তৃক অনুমোদন করিয়ে নিবে। |
| ৬ | অগ্নি নিরাপত্তা | সভায় সেনা কল্যাণ সংস্থা থেকে আগত প্রতিনিধি প্রকল্পের স্থাপনার অগ্নি নিরাপত্তা ব্যবস্থা বিষয়ে জানান যে, প্রকল্পের স্থাপনার অগ্নি নিরাপত্তা ব্যবস্থায় সম্ভবত ফায়ার হাইড্রেন্ট নেই, তবে অন্যান্য সম্পূরক ব্যবস্থা আছে। | • সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রকল্পের স্থাপনার অগ্নি নিরাপত্তায় কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত অবিলম্বে শ্রম অধিদপ্তরকে লিখিত জানানো হবে। |
| ৭ | নির্মাণ সামগ্রী | প্রকল্পের অবকাঠামো নির্মাণে ব্যবহৃত বিভিন্ন নির্মাণ সামগ্রীর গুণগত মান নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | • সেনা কল্যাণ সংস্থা সামগ্রীর অনুমোদিত তালিকা শ্রম অধিদপ্তরকে অবিলম্বে সরবরাহ করবে।<br>• তালিকামতে অনুমোদিত সামগ্রী ব্যবহার নিশ্চিত করবে। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অডিট | সভায় অডিট অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট ও অডিট টিমের প্রদেয় পর্যবেক্ষণ নিয়ে আলোচনা হয়। | • সেনা কল্যাণ সংস্থা প্রকল্পের বীমা প্রিমিয়াম ও ভ্যাট বাবদ প্রদেয় অর্থ আগামী এক মাসের মধ্যে জমা দিবে।<br>• প্রকল্পের ডিপিপি ও বিওকিউ (BOQ) এর ব্যয় নির্বাহের মধ্যে সমন্বয় করবে।<br>• প্রকল্পের কাজ শুরুতে মোবিলাইজেশন মানি বাবদ গৃহীত অগ্রীম জরুরী ভিত্তিতে সমন্বয়ের ব্যবস্থা করবে।<br>• প্রকল্পের ধবংসযোগ্য মালামাল বিক্রিলব্ধ অর্থ আগামী এক মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা দিবে। |
| ৯ | অন্যান্য | প্রকল্পের স্থাপনার জন্য পানি, গ্যাস ও বিদ্যুত ইত্যাদি ইউটিলিটি সার্ভিস নিশ্চিত করতে আগাম ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | • সেনা কল্যাণ সংস্থা এক মাসের মধ্যে প্রকল্পের স্থাপনার জন্য পানি, গ্যাস ও বিদ্যুত ইত্যাদি ইউটিলিটি সার্ভিসের জন্য প্রদানকারী সংস্থার নিকট আবেদন করে শ্রম অধিদপ্তরকে পত্র মারফত অবগত করবে। |

পরিশেষে সভাপতি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ.কে.এম.মিজানুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০১.১৭.৮৬

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬
১০ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ (সেকশন-৫), শেরে বাংলা নগর, ঢাকা।

২) মহাপরিচালক (আরএন্ডআইসিটি), সেনা কল্যাণ সংস্থা, রাওয়া কমপ্লেক্স, ঢাকা।

৩) যুগ্ম-প্রধান, একনেক অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) যুগ্ম-প্রধান, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) উপ সচিব (সেকশন-১৩), অর্থবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) জনাব প্রদীপ কুমার মহোত্তম, উপ-প্রধান, আর্থ -সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) কর্ণেল মাহমুদ, প্রকল্প পরিচালক, সেনা কল্যাণ সংস্থা, বাংলাদেশ সেনাবাহিনী।

৮) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) জনাব সঞ্জয় কুমার ঘোষ, সহকারী প্রধান (পরিকল্পনা-১ শাখা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিব।

আবু আশরীফ মাহমুদ
প্রকল্প পরিচালক (পরিচালক, পরিকল্পনা)